

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-১
সচিবালয় লিংক রোড, ঢাকা।

স্মারক নং-৩২.০০.০০০০.০৬০.০২০.০০১.১৬-২৭০

তারিখ : ২৩/০৪/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের মাসিক পর্যালোচনা সভার কার্যবিবরণী
প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১১/০৪/২০১৭ তারিখে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) ও চিফ ইনোভেশন অফিসার জনাব মাহমুদা শারমীন বেনু এনডিসি এর সভাপতিত্বে এ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের মাসিক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

২৩/৪/২০১৭

(কিসমত জাহান ফেরদৌসি)
সিনিয়র সহকারী প্রধান
৯৫৭৪১৯৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মহা-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
- ২। নির্বাহী-পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ১৪৫, নিউ বেইলি রোড, ঢাকা।
- ৩। পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী, দোয়েল চত্তর ঢাকা।
- ৪। ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন, রাফা প্লাজা, ধানমন্ডি, ঢাকা।
- ৫। প্রোগ্রাম অফিসার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। উপ সচিব (বাজেট), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। উপ-সচিব (উন্নয়ন-২), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। উপ সচিব (শিশু), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি :

- ১। অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অফিস নথি।

বিষয়ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের মাসিক পর্যালোচনা সভার কার্যবিবরণী।

গত ১১/০৪/২০১৭ তারিখে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) ও চিফ ইনোভেশন অফিসার জনাব মাহমুদা শারমীন বেনু এন.জি.এ এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে এ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের মাসিক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পারশিষ্ট 'ক'-তে সন্নিবেশ করা হল।

২। সভার প্রারম্ভে সভাপতি টিমের সকল সদস্যকে স্বাগতঃ জানান। তিনি সকলকে অবহিত করেন যে, সংশ্লিষ্ট শাখার বিভিন্ন দাপ্তরিককাজের কারণে গত দুই মাসে ইনোভেশন টিমের সভা না হওয়ায় বিষয়টি ব্যাখ্যা করেন এবং ভবিষ্যতে নিয়মিত ভাবে সভা করার বিষয়ে আশাবাদ ব্যক্ত করেন। প্রতি মাসে মন্ত্রণালয়ের সমন্বয় সভার পূর্বে ইনোভেশন টিমের সভা করার বিষয়ে তিনি গুরুত্বারোপ করেন। তিনি মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনে উল্লিখিত টিমের কার্যপরিধি সভায় বিস্তারিত আলোচনা করেন এবং এর আলোকে কার্যক্রম গ্রহণের পরামর্শ প্রদান করেন। সভাপতি আরো উল্লেখ করেন যে, মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের কার্যক্রমের সাথে দপ্তর/ সংস্থার ইনোভেশন কার্যক্রমের যোগাযোগ ও সমন্বয় আরও জোরদার করা আবশ্যিক। বিচ্ছিন্নভাবে কোন উদ্যোগ গ্রহণ করা হলে তা হতে প্রত্যাশিত ফলাফল পাওয়া যাবে না। আবার কখনও কখনও দ্বৈততার কারণে সময় ও অর্থের অপচয় হওয়ার আশংকা দেখা দিতে পারে। তাই তিনি মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহ ইনোভেশন টিমের সভা মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সভার পূর্বে সম্পন্ন করার জন্য নির্দেশ প্রদান করেন। যাতে দপ্তর/সংস্থাসমূহ সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তের বিষয়ে মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সভায় আলোচনা করা যেতে পারে।

৩। সভাপতি উল্লেখ করেন যে, গত ০৩/০১/২০১৭ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত পত্রের আলোকে উদ্ভাবন কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহের গঠিত ইনোভেশন টিম গুলোকে ২০১৭ সালের বাৎসরিক কর্মপরিকল্পনা আগামী ৩১ জানুয়ারী ২০১৭ তারিখের মধ্যে প্রণয়নপূর্বক ১৫ ফেব্রুয়ারী ২০১৭ তারিখের মধ্যে এবং ৩১ জানুয়ারী ২০১৭ তারিখের মধ্যে ২০১৬ সালের উদ্ভাবন সংক্রান্ত বাৎসরিক প্রতিবেদন প্রকাশ করে ১৫ ফেব্রুয়ারী ২০১৭ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার বিষয়ে নির্দেশনা রয়েছে। এ প্রেক্ষিতে মহিলা বিষয়ক অধিদপ্তর এবং জাতীয় মহিলা সংস্থার প্রতিনিধি সভাকে জানান, ২০১৭ সালের বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন এবং ২০১৬ সালের উদ্ভাবন সংক্রান্ত বাৎসরিক প্রতিবেদন প্রকাশ করা হয়েছে। এ বিষয়ে সভাপতি মন্ত্রণালয় এবং অন্যান্য সংস্থা তথা জয়িতা ফাউন্ডেশন এবং বাংলাদেশ শিশু একাডেমীকে ২০১৭ সালের বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন এবং ২০১৬ সালের উদ্ভাবন সংক্রান্ত বাৎসরিক প্রতিবেদন দ্রুত প্রকাশপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করেন।

৪। উপ-সচিব (শিশু) বলেন যে, ইনোভেশন আইডিয়া প্রদানের জন্য মন্ত্রণালয়ে একটি আইডিয়া বক্স খোলা হয়েছে। তবে বক্সটিতে ইতোমধ্যে কোন ইনোভেশন আইডিয়া পাওয়া যায়নি। চিফ ইনোভেশন অফিসার সভায় নতুন একটি ইনোভেশনের কথা উল্লেখ করেন। তিনি সভাকে জানান প্রায়শঃ রাস্তাঘাটে বিভিন্ন যানবাহনে (সাইকেল, রিক্সা, মটর সাইকেল ইত্যাদিতে) ওড়না পৈঁচিয়ে মেয়েরা দুর্ঘটনার স্বীকার হন। এ বিষয়ে টিভিতে নাটিকাসহ যানবাহনে উঠার স্থানগুলোতে এবং চলাচলের রাস্তার উভয় পার্শ্বে সতর্কতামূলক সাইনবোর্ড স্থাপন করা যেতে পারে। এ বিষয়ে সচেতনতা/সতর্কতামূলক উদ্যোগ গ্রহণের মাধ্যমে এ সকল দুর্ঘটনা থেকে রেহাই পাওয়া যেতে পারে। বিষয়টি একটি ইনোভেশন আইডিয়া হিসেবে গ্রহণ করা যেতে পারে মর্মে উপস্থিত সকলে একমত প্রকাশ করে।

৫। সভায় উপ-সচিব (শিশু) দুটো ইনোভেশন আইডিয়া উল্লেখ করেন। তিনি জানান মেয়েদের বাল্য বিবাহের সার্বিক কুফলতার বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য মেয়েদের জীবনের গুরুত্বপূর্ণ ধাপগুলো ছবির মাধ্যমে বর্তমানে প্রচলিত সাপলুডুর আদলে তৈরী করে শিক্ষাজ্ঞানসমূহে প্রচার করা যেতে পারে। এর ফলে তার কোমল মনে বাল্য বিবাহের ক্ষতিকর দিকগুলোর বিষয়ে রেখাপাত হবে। এছাড়া বাল্য বিবাহের কুফলতার বিষয়ে বাল্য বিবাহপ্রবণ জেলাসমূহে যানবাহনের বডিতে আকর্ষণীয়ভাবে বাল্য বিবাহের

ক্ষতিকর দিকগুলোর ছবি প্রদর্শন করা যেতে পারে। প্রদর্শিত ছবি বারবার দেখার ফলে অবচেতনভাবে মানুষের মনে বাল্য বিবাহ প্রতিরোধমূলক সচেতনতার সৃষ্টি হতে পারে। এর ফলে সামগ্রিকভাবে দেশ উপকৃত হবে। সভায় বিষয় দুটিকে ইনোভেশন আইডিয়া হিসেবে গ্রহন করা যেতে পারে মর্মে একমত পোষন করা হয়।

৬। মন্ত্রণালয়ের ইনোভেশন টিম আগামী ১৯/৪/২০১৭ তারিখ বুধবার বাংলাদেশ শিশু একাডেমী পরিদর্শন করবে মর্মে সভাপতি অভিমত ব্যক্ত করেন। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৭। সিদ্ধান্তসমূহ:

(৭.১) মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহকে নিয়ে ইনোভেশন টিমের সভা মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সভার পূর্বেই আয়োজন করতে হবে। (বাস্তবায়ন দায়িত্ব: ইনোভেশন টিম, সকল দপ্তর/সংস্থা)

(৭.২) প্রতি মাসে মন্ত্রণালয়ের সমন্বয় সভার পূর্বে ইনোভেশন টিমের সভা আহ্বান করতে হবে। (বাস্তবায়ন দায়িত্ব: ইনোভেশন টিম, মশিবিম।)

(৭.৩) গত ০৩/০১/২০১৭ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত পত্রের আলোকে ২০১৭ সালের বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন এবং ২০১৬ সালের উত্তাবন সংক্রান্ত বাৎসরিক প্রতিবেদন দুত প্রকাশপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। (বাস্তবায়ন দায়িত্ব: ইনোভেশন টিম, মশিবিম, সকল দপ্তর/সংস্থা)।

(৭.৪) চিফ ইনোভেশন অফিসার কর্তৃক প্রদত্ত ইনোভেশন আইডিয়াটি হলো প্রায়শ: রাস্তাঘাটে বিভিন্ন যানবাহনে (সাইকেল, রিক্সা, মটর সাইকেল ইত্যাদি) ওড়না পেঁচিয়ে মেয়েরা দুর্ঘটনার স্বীকার হয়। এ বিষয়ে টিভিতে নাটিকা প্রচারের ব্যবস্থা, যানবাহনে উঠার স্থানগুলোতে এবং চলাচলের রাস্তার উভয় পার্শে সতর্কতামূলক সাইনবোর্ড স্থাপন করা যেতে পারে। এ বিষয়ে সচেতনতা/সতর্কতামূলক উদ্যোগ গ্রহনের মাধ্যমে এধরনের দুর্ঘটনা থেকে রেহাই পাওয়া যেতে পারে। এটি ইনোভেশন আইডিয়া হিসেবে গ্রহণ করা যেতে পারে। (বাস্তবায়ন দায়িত্ব: ইনোভেশন টিম, মশিবিম, দপ্তর/সংস্থা।)

(৭.৫) উপ-সচিব (শিশু) কর্তৃক প্রদত্ত ইনোভেশন আইডিয়া দু'টি (১. মেয়েদের বাল্য বিবাহের সার্বিক কুফলতার বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য মেয়েদের জীবনের গুরুত্বপূর্ণ ধাপগুলো ছবির মাধ্যমে বর্তমানে প্রচলিত সাপলুডুর আদলে তৈরী করে শিক্ষাশানসমূহে প্রচার করা যেতে পারে। এর ফলে তার কোমল মনে বাল্য বিবাহের ক্ষতিকর দিকগুলোর বিষয়ে রেখাপাত করতে পারে। ২. বাল্য বিবাহের কুফলতার বিষয়ে বাল্য বিবাহ প্রবণ জেলাসমূহে যানবাহনের বডিতে আকর্ষণীয়ভাবে বাল্য বিবাহের ক্ষতিকর দিকগুলোর ছবি প্রদর্শন করা যেতে পারে। প্রদর্শিত ছবি বারবার দেখার ফলে অবচেতনভাবে মানুষের মনে বাল্য বিবাহ প্রতিরোধমূলক সচেতনতার সৃষ্টি হতে পারে। এর ফলে সামগ্রিকভাবে দেশ উপকৃত হবে।) এ দু'টি ইনোভেশন আইডিয়া হিসেবে গ্রহন করা যেতে পারে। (বাস্তবায়ন দায়িত্ব: ইনোভেশন টিম, মশিবিম, দপ্তর/সংস্থা।)

(৭.৬) দপ্তর/সংস্থার ইনোভেশন টিম বার্ষিক কর্মপরিকল্পনা, মাসিক সভার কার্যবিবরণী ও মাঠ পর্যায়ে যে সকল কার্যক্রম গ্রহণ করা হয়েছে তার বিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। (বাস্তবায়ন দায়িত্ব: ইনোভেশন টিম, দপ্তর/সংস্থা।)

(৭.৭) মন্ত্রণালয়ের ইনোভেশন টিম আগামী ১৯/৪/২০১৭ তারিখ বুধবার বাংলাদেশ শিশু একাডেমী পরিদর্শন করবে। (বাস্তবায়ন দায়িত্ব: ইনোভেশন টিম, মশিবিম, সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা।)

০৮। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মাহমুদা শারমীন বেনু এনডিসি)
অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন)